

হেলথওয়াচ (Healthwatch) নেটওয়ার্ক কি?

ইংল্যান্ডে স্বাস্থ্য ও সামাজিক যত্নের ক্ষেত্রে হেলথওয়াচ (Healthwatch) হল নতুন উপভোক্তা চ্যাম্পিয়ন। আমরা শিশু, যুবকযুবতী ও বয়স্কদের এক শক্তিশালী স্বর প্রদান করি- যাতে এদের মতামত এবং অভিজ্ঞতা, স্বাস্থ্য ও সামাজিক যত্ন পরিষেবা প্রদানকারী, পরিকল্পনাকারী ও নিয়ন্ত্রণকারীদের কানে পৌঁছায়।

পরিষেবাগুলি ব্যবহার করেন এমন সমস্ত মানুষের অভিজ্ঞতা ও মতামত সংগ্রহ করে, তা বিশ্লেষণ করে এবং তার ভিত্তিতে ব্যবস্থা নিয়ে আমরা বর্তমান ও ভবিষ্যতে পরিষেবাগুলিকে আরো উন্নত করে তুলতে সাহায্য করতে পারি। হেলথওয়াচ (Healthwatch) সক্রিয়ভাবে সম্প্রদায়ের সর্বস্তর থেকে মতামত নেয়, বিশেষ করে তাদের, যারা কোনসময় তাদের কথা বলার আশ্রয় চেষ্টা করেছে; যারা সবচেয়ে জোরে চোঁচিয়ে বলে শুধুমাত্র তাদেরই মতামত নেওয়া হয়, এমন নয়। আমরা, স্বাস্থ্য ও সামাজিক যত্ন পরিষেবা প্রদানকারী, পরিকল্পনাকারী ও নিয়ন্ত্রণকারীদের সরাসরি জনগণের কথা শুনতে উদ্বুদ্ধ করি।

হেলথওয়াচ (Healthwatch) এর দুটি ভাগ আছে; জাতীয়-কেন্দ্রিক হেলথওয়াচ (Healthwatch) ইংল্যান্ড এবং 152টি সম্প্রদায়-কেন্দ্রিক স্থানীয় হেলথওয়াচ (Healthwatch)। দুটি মিলে আমরা হেলথওয়াচ (Healthwatch) নেটওয়ার্ক গঠন করেছি, যা একসাথে কাজ করে উপভোক্তাদের মতামত জাতীয় স্তরে ও স্থানীয় স্তরে প্রতিফলিত করে।

হেলথওয়াচ (Healthwatch) ইংল্যান্ড কি করে?

যে সব মূল বিষয় স্বাস্থ্য ও সামাজিক যত্ন পরিষেবা ব্যবহারকারী শিশু, যুবকযুবতী ও বয়স্কদের উপর বিরূপ প্রভাব ফেলে, হেলথওয়াচ (Healthwatch) ইংল্যান্ড জাতীয় স্তরে তার প্রতিবাদী স্বর গঠন করে। এটি প্রমাণের উপর ভিত্তি করে জাতীয় স্তরে ঝাঁক ও উপভোক্তার অভিজ্ঞতার এক বৌদ্ধিক পর্যবেক্ষণ প্রস্তুত করে, যে প্রমাণ সংগৃহীত হয়েছে:

- স্থানীয় ও জাতীয় স্তরে পরিষেবা ব্যবহারকারী মানুষের অভিজ্ঞতা ও মতামত থেকে
- স্থানীয় হেলথওয়াচ (Healthwatch)-এর অর্জিত অভিজ্ঞতা ও মতামত থেকে

- স্টেকহোল্ডার ও অংশীদার, যাঁদের মধ্যে আছেন দাতব্য সংস্থা, পেশাদার সংস্থা এবং যাঁরা ভুক্তভোগী মানুষদের সাহায্য করেন, তাঁদের দ্বারা সংগৃহীত ও বন্টনকৃত প্রমাণ

এই সব প্রমাণ প্রধান বিষয়গুলিকে উপস্থাপিত করতে এবং স্বাস্থ্য ও সামাজিক যত্ন পরিষেবার নীতি, নিয়ম ও কার্যক্রম পরিবর্তন আনতে ব্যবহৃত হয়। যেখানে অত্যধিক গুরুত্বপূর্ণ বিষয়সমূহ উত্থাপিত হয়, সেগুলি সেক্রেটারী অফ স্টেট ফর হেলথ, দ্য কেয়ার কোয়ালিটি কমিশন, দ্য এনএইচএস কমিশনিং বোর্ড, ইংল্যান্ডের কেন্দ্রীয় বা স্থানীয় কর্তৃপক্ষের কাছে উত্থাপন করা হয়। আইনানুযায়ী হেলথওয়াচ (Healthwatch) ইংল্যান্ড যা বলবে তাতে তারা সাড়া দিতে বাধ্য।

হেলথওয়াচ (Healthwatch) ইংল্যান্ড স্থানীয় হেলথওয়াচ (Healthwatch) কে নেতৃত্ব, সহায়তা ও পরামর্শ প্রদান করে যাতে তারা স্থানীয় মানুষের শক্তিশালী প্রতিনিধি হয়ে উঠতে পারে এবং তাদের সম্প্রদায়গুলির মধ্যে শক্তিশালী অংশীদারিত্ব গঠন করতে পারে।

স্থানীয় হেলথওয়াচ (Healthwatch) কি করে?

স্থানীয় হেলথওয়াচ (Healthwatch) মানুষকে তাদের স্থানীয় স্বাস্থ্য ও সামাজিক যত্ন পরিষেবা সর্বোত্তম ভাবে পেতে সাহায্য করে; তা আজই উন্নত হতে পারে অথবা আগামীকাল পরিবর্তিত হতে সাহায্য পেতে পারে। স্থানীয় হেলথওয়াচ (Healthwatch) স্থানীয় পরিষেবার আকার ও কার্যক্রমকে প্রভাবিত করতে স্থানীয় কর্তৃক শক্তি যোগায়। যারা এগুলি ব্যবহার করে শুধুমাত্র তারাই নয়, ভবিষ্যতে এগুলির প্রয়োজন হতে পারে এমন যে কেউ।

স্থানীয় হেলথওয়াচ (Healthwatch):

- স্থানীয় স্বাস্থ্য ও সামাজিক যত্ন পরিষেবা সম্পর্কে মানুষজনকে তথ্য, পরামর্শ ও সহায়তা দেয়
- পরিষেবা যেভাবে দেওয়া হয় সে সম্পর্কে স্থানীয় মানুষের অভিজ্ঞতা ও মতামত সংগ্রহ করে এবং কিভাবে প্রদান করা হচ্ছে তা অনুভব করতে বয়স্ক স্বাস্থ্য ও সামাজিক যত্ন পরিষেবায় ঢুকে পরিদর্শন করার ক্ষমতা আছে।
- যারা পরিষেবাগুলি ব্যবহার করেন তাদের প্রমাণের ভিত্তিতে পরিষেবাগুলি যেভাবে পরিকল্পিত ও প্রদত্ত, তা প্রভাবিত করে।
- লোকাল হেলথ অ্যান্ড ওয়েলবিইং বোর্ডে আসনলাভ করে পরিষেবাগুলির গঠন ও কার্যক্রমকে প্রভাবিত করে।
- অন্যান্য স্থানীয় হেলথওয়াচ (Healthwatch), হেলথওয়াচ (Healthwatch) ইংল্যান্ড এবং কেয়ার কোয়ালিটি কমিশনের কাছে তথ্য ও সুপারিশ পাঠায়।

অ্যানা ব্র্যাডলি, হেলথওয়াচ (Healthwatch) ইংল্যান্ডের অধিকর্তা বলেন:

“হেলথওয়াচ (Healthwatch) নেটওয়ার্ক, স্বাস্থ্য ও সামাজিক যত্নে এক নতুন ধরনের উপভোক্তা চ্যাম্পিয়ন। উপভোক্তার কর্তৃত্ব শোনা হয়েছে এবং সেই অনুযায়ী কাজ করা হয়েছে, এ বিষয়ে আমরা নিশ্চিত হব। আমাদের স্বতন্ত্র বিধিবদ্ধ ক্ষমতাবলে, সমগ্র নেটওয়ার্কের পক্ষে পরিবর্তন আনয়নের এক অপূর্ব সুবিধা রয়েছে। হেলথওয়াচ (Healthwatch) ইংল্যান্ড ভবিষ্যতে নিশ্চিত হতে চায় যেন জনগণের কর্তৃত্ব স্বাস্থ্য ও সামাজিক যত্ন পরিষেবা প্রদানকারী, পরিকল্পনাকারী ও নিয়ন্ত্রণকারীদের কানে সজোরে এবং সুস্পষ্টরূপে পৌঁছায়”।



Healthwatch Halton
Suite 5, Foundry House
Waterside Business Park
Widnes WA8 8GT

Tel 0300 777 6543
enquiries@healthwatchhalton.co.uk
www.healthwatchhalton.co.uk

healthwatch
Halton